**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**18 JANUARY 2025** **7:35 AM IST**

==========================================================================

সংসদের বাজেট অধিবেশন আগামী ৩১ শে জানুয়ারী থেকে শুরু হবে । ঐদিন রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু লোকসভা ও রাজ্যসভার যৌথ বৈঠকে ভাষন দেবেন ।কেন্দ্রীয় বাজেট পয়লা ফেব্রুয়ারী পেশ করা হবে । বাজেট অধিবেশনের প্রথম পর্ব ৩১ শে জানুয়ারী থেকে ১৩ ই ফেব্রুয়ারী পর্যন্ত অনুষ্ঠিত হবে ।এরপর অধিবেশনের দ্বিতীয় পর্ব ১০ ই মার্চ থেকে চৌঠা এপ্রিল পর্যন্ত অনুষ্ঠিত হবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে ১০ টি রাজ্য ও দুটি কেন্দ্রীয়শাসিত অঞ্চলের ৫০ হাজারের ও বেশী গ্রামের সম্পত্তির স্বত্বাধারিকে স্বামিত্ব প্রকল্পের অধীনে ৬৫ লক্ষের ও বেশী সম্পত্তি কার্ড বিতরণ করবেন । প্রধানমন্ত্রী শ্রী মোদী জরীপের জন্য অত্যাধুনিক ড্রোণ প্রযুক্তির মাধ্যমে পরিবারগুলিকে অধিকারের অনুমতিপত্র প্রদান করা সহ গ্রামাঞ্চলের আর্থিক বিকাশ ত্বরান্বিত করার উদ্দেশ্যে এই প্রকল্প আরম্ভ করেছেন । প্রকল্পটি সম্পত্তির মুদ্রাকরণে সুবিধা প্রদান করা সহ ব্যাংক ঋণের মাধ্যমে প্রতিষ্ঠানগত ঋণ লাভের পথ সুষ্ঠু করে তোলে ।

এপর্যন্ত ১৩ লক্ষ ১৭ হাজারের ও বেশী গ্রামের ড্রোণ জরীপ সম্পূর্ন হয়েছে । ও এই সংখ্যা নির্ধারিত লক্ষের প্রায় ৯২ শতাংশ । প্রকল্পটির অধীনে এপর্যন্ত ১ লক্ষ ৫৩ হাজারের ও বেশী গ্রামের জন্য প্রায় ২ কোটি ২৫ লক্ষ সম্পত্তি কার্ড প্রস্তুত করে তোলা হয়েছে ।ত্রিপুরা , পদুচেরী , আন্দামান নিকোবর দীপপুঞ্জ , গোয়া , উত্তরাখন্ড ও হরিয়ানায় এই প্রকল্পের কাজ সম্পূর্ন হয়েছে । মধ্যপ্রদেশ , উত্তরপ্রদেশ , ছত্তিশগড় ও বেশ কয়েকটি কেন্দ্রীয় শাসিত অঞ্চলে ড্রোণ জরীপ সম্পূর্ন হয়েছে ।

---

আসাম প্রদেশ বি-জে-পির পরবর্তী সভাপতি হিসেবে দরং-ওদালগুরি লোকসভা আসনের সাংসদ তথা কেন্দ্রীয় বি-জে-পির প্রাক্তন সাধারণ সম্পাদক দিলীপ শইকীয়াকে নির্বাচিত করা হয়েছে । কেন্দ্রীয় নির্বাচনী পর্যবেক্ষক গজেন্দ্র সিং শেখাওয়াত আজ দলের রাজ্য সভাপতি হিসেবে তার নাম আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেছেন । গৌহাটির রাজ্য বি-জে-পির মুখ্য কার্যালয় বাজপেয়ী ভবণে আয়োজিত এক অনুষ্ঠানে নবনির্বাচিত সভাপতিকে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল , রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং দলের বিদায়ী রাজ্য সভাপতি ভবেশ কলিতা সহ দলার অন্যান্য নেতৃবৃন্দ শ্রী শইকীয়াকে অভিনন্দন জানান ।

---

আসাম বিজেপির নতুন সভাপতি হিসেবে নির্বাচিত হোয়ার পর দিলীপ শ ইকীয়া এই নতুন দায়িত্ব গ্রহণের পর তিনি সব দলীয় কর্মীদের সংগে এক যোগে কাজ করে আসামকে দেশের পাচটি উন্নত রাজ্যের তালিকায় অর্ন্তভুক্ত করার প্রয়াস করবেন বলে উল্লেখ করেন ।

---

রাজ্যের ১৪ টি জেলার ১৫ হাজার ৬৬৩ টি বিদ্যালয়ে গতকাল থেকে দ্বিতীয় পর্যায়ের গুণোৎসব শুরু হয়েছে । দ্বিতীয় পর্যায়ে ১৪ লক্ষ ১৪ হাজার ৯৩২ জন ছাত্র ছাত্রীকে অর্ন্তভূক্ত করা হয়েছে । গুণোৎসবে আজ স্বমূল্যায়ন অনুষ্ঠিত হয় । ২০ জানুয়ারী মন্ত্রী ,সাংসদ , বিধায়ক , মুখ্য কার্যবাহি আধিকারিক , কার্যবাহী সদস্য সহ রাজ্য সরকারের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর আধিকারিক দ্বারা বহি:মূল্যায়ন করা হবে ।উল্লেখ্য দ্বিতীয় পর্যায়ের গুণোৎসবে হাইলাকান্দি , পশ্চিম কার্বি আংলং , বাক্সা , চরাইদেউ, চিরাগ , ধেমাজী , ধুবরী , গোলাঘাট , হোজাই , যোরহাট , কামরুপ মহানগর ,শোণিতপুর , তামুলপুর , তিনসুকিয়া জেলায় অনুষ্ঠিত হবে । এদিকে এবারের গুণোৎসবে শিক্ষার্থীর ইউনিফর্মের বিষয়ে গুরুত্ব আরোপ করা হবে বলে শিক্ষামন্ত্রী ড: রণোজ পেগু জানিয়েছেন ।শিক্ষামন্ত্রী জানান যে গুণোৎসবে ইউনিফর্মের মূল্যায়ন করা হবে ।শিক্ষকের বদলি সম্পর্কে তিনি মন্তব্য করেন । তিনি বলেন যে দ্বিতীয় পর্যায়ের শিক্ষকের বদলি পর্ব গ্রীষ্মের বন্ধের আগে করা হবে ।এর জন্য দুএকদিনের মধ্যে পোর্টেল খোলা হবে বলে শিক্ষামন্ত্রী জানান ।প্রথম পর্যায়ে পোর্টেলের মাধ্যমে আবেদন করা ৩৬ হাজার শিক্ষকের বদলি প্রক্রিয়া সম্পন্ন হয়েছে ।

---

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন রাজস্থানের তিনটি বিশ্ববিদ্যালয়কে ২০২৫ -২৬ শিক্ষা বর্ষ থেকে পরবর্তী ৫ বছরের জন্য পি এইচ ডি শিক্ষার্থীর নাম পঞ্জীয়ন করতে বারণ করেছে ।এই বিশ্ববিদ্যালয় তিনটি হচ্ছে ওপিজেএস বিশ্ববিদ্যালয় , সানরাইজ বিশ্ববিদ্যালয় ও সিংঘানিয়া বিশ্ববিদ্যালয় ।এই বিশ্ববিদ্যালয়গুলি পি এইচ ডি ডিগ্রীর জন্য থাকা নীতি নির্দেশনা পালন করেনা বলে কমিশনের স্থায়ী কমিটি তথ্য লাভ করার পর এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।

---

রাজ্যের ভূমি সংরক্ষণ , হস্ততাত রেশম শিল্প দপ্তরের মন্ত্রী উর্খাও গৌড়া ব্রক্ষ্ম গতকাল শ্রী ভূমি জেলা সফরে এসে জেলা আয়ুক্ত কার্যালয়ের সভাকক্ষে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী সহ  বিভিন্ন বিভাগীয় আধিকারিকদের সংগে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন ।বৈঠকে শ্রী ব্রক্ষ্ম হস্ততাত ও বস্ত্র , রেশন শিল্প , ভূমি সংরক্ষণ , কৃষি , পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন , জনস্বাস্থ্য কারিগরি ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের উন্নয়নমূলক কাজের পর্যালোচনা করেন ।তিনি হস্ততাত ও  বস্ত্র বিভাগের স্বনির্ভর নারী যোজনা  , হন্ডলুম ওয়েভার মুদ্রা লোন ইত্যাদি র পর্যালোচনা করেন ।তিনি বিভাগীয় আধিকারিকদের কাছ থেকে রেশম চাষের বিষয়ে বিস্তারিত খোজ নেন এবং সংশ্লিষ্ট বিষয়ে সমস্যার সমাধানের আশ্বাস প্রদান করেন ।মন্ত্রী ,জনস্বাস্থ্য কারিগরি বিভাগের জল জীবন মিশন , স্বচ্ছ ভারত মিশন , নল বাহিত পানীয় জল সরবরাহের অগ্রগতি নিয়ে আলোচনা করেন ।